

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩২২৬

আগরতলা, ২৭ মার্চ, ২০২৫

বিধানসভা সংবাদ

জল সরবরাহের লক্ষ্যে বৃষ্টির জল সংরক্ষণ করে ৭টি উদ্ভাবনী প্রকল্প চালু : মুখ্যমন্ত্রী

ভূগর্ভস্থ জলকে বাঁচিয়ে রাখার লক্ষ্যে রাজ্যের বিভিন্ন জায়গায় চেকড্যাম নির্মাণের মাধ্যমে বৃষ্টির জল সংরক্ষণ করে বহু জলাধার সৃষ্টি করা হয়েছে। এই সকল সংরক্ষিত জলাধারকে কেন্দ্র করে রাজ্যের পানীয়জল ও স্বাস্থ্য বিধান দপ্তর উদ্ভাবনীমূলক প্রকল্প স্থাপন করে জনসাধারণের জন্যে পানীয় এবং ব্যবহারযোগ্য জল সরবরাহ করছে। আজ রাজ্য বিধানসভায় বিধায়ক রামপদ জমাতিয়ার এক প্রশ্নের লিখিত উত্তরে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা এই তথ্য জানিয়েছেন। তিনি জানান, বৃষ্টির জল সংরক্ষিত করে বিভিন্ন জলাধারকে কেন্দ্র করে এখন পর্যন্ত মোট ৭টি উদ্ভাবনীমূলক প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। এছাড়া ৩টি প্রকল্প চালুর অপেক্ষায় রয়েছে এবং ২টি প্রকল্পের কাজ এগিয়ে চলেছে।
